

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৭, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
প্রজ্ঞাপন

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪২৭/১৫ ডিসেম্বর ২০২০

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৭.২০-৫২৫—নির্বাচন কমিশন সচিবালয় হতে স্মারক নং-
১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৭.২০-৯৪ মূলে ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের
মাধ্যমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২৯ মার্চ ২০২০ তারিখে নির্ধারিত সাধারণ নির্বাচন স্মারক নং
১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৭.২০-১৭৩ প্রজ্ঞাপনমূলে ২১ মার্চ ২০২০ তারিখে মাননীয় নির্বাচন
কমিশন স্থগিত ঘোষণা করেন।

০২। উল্লিখিত সিটি কর্পোরেশনের মেয়র ও ০১-০৫, ০৭-১৪ নং সংরক্ষিত আসনে এবং
০১-২৯, ৩১-৩৬, ৩৮-৩৯, ৪১ নং ওয়ার্ডের সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন যে পর্যায়
থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে শুরু করে ২৭ জানুয়ারি ২০২১ তারিখে ভোটগ্রহণ
অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। উল্লিখিত সিটি কর্পোরেশনের ০৬
নং সংরক্ষিত আসনের কাউন্সিলর ও ৩০, ৩৭, ৪০ নং সাধারণ আসনের কাউন্সিলর পদে মৃত্যুজনিত
কারণে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী একই তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্যও মাননীয় নির্বাচন কমিশন
সিদ্ধান্ত প্রদান করেছেন।

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	৩০ ডিসেম্বর ২০২০ ১৫ পৌষ ১৪২৭	(বুধবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	৩১ ডিসেম্বর ২০২০ ১৬ পৌষ ১৪২৭	(বৃহস্পতিবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৭ জানুয়ারি ২০২১ ২৩ পৌষ ১৪২৭	(বৃহস্পতিবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	২৭ জানুয়ারি ২০২১ ১৩ মাঘ ১৪২৭	(বুধবার)

(১৩৭৮৫)

মূল্য : টাকা ৪.০০

০৩। সংরক্ষিত আসন-০৬ ও সাধারণ আসন-৩০, ৩৭, ৪০ এর কাউন্সিলর পদে ইতঃপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছেন, তাদের নতুন করে আর মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না। তবে মেয়র পদে এবং সংরক্ষিত আসন-০৬ ও সাধারণ আসন-৩০, ৩৭, ৪০ ব্যতীত অন্যান্য সংরক্ষিত আসনের ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নতুন করে মনোনয়নপত্র দাখিলের সুযোগ থাকবে না। সকল পদে ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের মাধ্যমে সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd